হবিগঞ্জ সদর উপজেলা পরিষদের আগষ্ট,২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ : ২৪ আগষ্ট ২০২১ সময় : বেলা ১১:০০ ঘটিকা

সভার স্থান : স্ব স্ব অবস্থান থেকে Zoom Application এর মাধ্যমে Video Conferencing

সভার হাজিরা : Zoom Application এর মাধ্যমে Video Conferencing এ সরাসরি সংযুক্ত সকল সদস্য

Zoom Application এ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত সভায় সভাপতি অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই ১৯৭৫ সালের ১৫ই আগষ্ট শাহাদাত বরণকারী হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	বিভাগ/বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত ১৭.০৬.২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	-
০২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী বলেন যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে এডিপি'র ১ম কিস্তি বাবদ ১৬,৯৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সে হিসেবে ৪ কিস্তিতে সম্ভাব্য মোট বরাদ্দ ৬৭,৮০,০০০/- টাকা হিসেবে বিধি মোতাবেক বিভাজন অনুযায়ী সকল ইউনিয়ন হতে প্রকল্প দাখিলের জন্য তিনি প্রস্তাব করেন।	(ক) বিস্তারিত আলোচনান্তে ইউনয়নসমূহ হতে জরুরীভাবে এডিপি'র অগ্রাধিকার প্রকল্প তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) উপজেলা প্রকৌশলী / চেয়ারম্যান, ইউপি (সকল),হবিগঞ্জ সদর
		(খ) তিনি আরও বলেন, বিগত অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরিত অর্থে দ্বারা কোন প্রকল্প বাস্তবায়ন করা হয়নি। তাই উন্নয়ন তহবিলের অর্থের দ্বারা প্রকল্প বাস্তবায়ন করার জন্য তিনি প্রস্তাব করেন।	(খ) উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরিত অর্থে বিধি মোতাবেক প্রকল্প তালিকা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) উপজেলা প্রকৌশলী/ চেয়ারম্যান, ইউপি (সকল), হবিগঞ্জ সদর
		(গ) তিনি বলেন, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি বিজ্ঞপ্তি বিল বাবদ ১,৫১,৫৮০/- এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের নিলাম বিজ্ঞপ্তি বিল বাবদ ১৪,৯৬৬/- টাকা বকেয়া রয়েছে।	(গ) ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি বিজ্ঞপ্তি বিল বাবদ ১,৫১,৫৮০/- টাকা এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের নিলাম বিজ্ঞপ্তি বিল বাবদ ১৪,৯৬৬/- টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে যাতে কোন বিল বকেয়া না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হয়।	(গ) উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর
		(ঘ) তিনি আরও বলেন, এ উপজেলায় চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি(পিইডিপি-৪)এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে মোট ৭টি সপ্রাবি শ্রেণীকক্ষ নির্মাণের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। তন্মধ্যে সুলতান মামদপুর, দরিয়াপুর, সুলতানশী,হুরগাঁও ও শংকরপাশা এবং নতুন জাতীয়করণকৃত ১টি (নিরদাময়ী) সপ্রাবি এর নির্মাণ স্থানে পুরাতন ভবন থাকায় অদ্যাবধি প্রকল্পের কাজ আরম্ভ করা যায়নি।এব্যাপারে উপজেলা শিক্ষা অফিসারকে একাধিকবার পত্র দ্বারা অনুরোধ জানানো হয়েছে। ইতোমধ্যে প্রকল্পগুলোর কার্যাদেশ/চুক্তিকৃত বাস্তবায়ন সময়সীমা প্রায় শেষ পর্যায়ে। উন্নয়ন অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে প্রকল্পস্থল হতে জরুরী	(ঘ) এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	(ঘ) উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর

		ভিত্তিতে পুরাতন ভবন অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। (ঙ) উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর বলেন যে, তার অফিসের দরজা জানালা জরুরী মেরামত করা প্রয়োজন। (চ) উপজেলা প্রকৌশলী বলেন যে, রাজস্ব উদ্বৃত্ত তহবিলের ২০১৮-১৯ অর্থ বছরের প্যাকেজ নং-০৪ ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স শেখ শুভ এন্টারপ্রাইজ,চৌধুরী বাজার,হবিগঞ্জ এর ১ম কিস্তির বিলের ভ্যাট চেক নং-১৭১৬০১১ টাকা ৪১,১০০/- আয়কর চেক নং-১৭১৬০১২ টাকা ১০,৯৬০/- ইস্যু করা হলেও উপজেলা নির্বাহী অফিসারের অফিসের তৎকালীন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ আলমগীর ফারুকী চৌধুরী ব্যাংকে জমা প্রদান করেননি। ফলে চেকের মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছে। ঠিকাদারের জামানত পরিশোধের আবেদন করলে বিষয়টি নজর আসে। এমতাবস্থায়,উক্ত চেক ২টি বাতিল করে ২টি নতুন চেক ইস্যু করে উক্ত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করার জন্য তিনি প্রস্তাব করেন।	(ঙ) রাজস্ব তহবেলের অর্থের দ্বারা উপজেলা প্রকৌশলীর অফিসের দরজা জানালা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। (চ) বিস্তারিত আলোচনান্তে বর্ণিত চেক ২টি বাতিলক্রমে সম পরিমাণ অর্থের চেক নতুনভাবে ইস্যু করে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঙ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর
০৩	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার,হবিগঞ্জ সদর বলেন, ইউরিয়া ও নন ইউরিয়া সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। সারের কোন ঘাটতি নেই। তিনি বলেন, মাঠে রোপা আমন ধান রোপন প্রায় শেষ পর্যায়ে। ফসলের সার্বিক অবস্থা ভাল		
০৪	শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর বলেন, অন লাইনে শিক্ষা কার্যক্রম অব্যাহত আছে। মাধ্যমিক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের অ্যাসাইনমেন্ট চলমান আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।		
০৫	মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার,হবিগঞ্জ সদর বলেন, মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। জাতীয় মৎস্য সপ্তাহ,২০২১ আগামী ২৮ আগষ্ট হতে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত পালিত হবে- "বেশি বেশি মাছ চাষ করি,বেকারত্ব দূর করি" প্রতিপাদ্য নিয়ে। সপ্তাহব্যাপী এই উদযাপনের সকল অনুষ্ঠানে সভায় উপস্থিত সকলকে আমন্ত্রণ জানান। তাছাড়া রাজস্ব খাতের আওতায় পোনা মাছ অবমুক্তির জলাশয় নির্বাচনসহ অন্যান্য বিষয়ে আলোচনা করেন। তিনি আর বলেন, তার দপ্তরে বৈদ্যুতিক মিটারে সমস্যা হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।	রাজস্ব তহবিলের অর্থের দ্বারা উপজেলা মৎস্য অফিসের বৈদ্যুতিক মিটার মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর
০৬	ত্রাণ ও পুনর্বাসন	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হবিগঞ্জ সদর বলেন, ২০২১-২০২২ অর্থ বছরের জন্য আশ্রয়ন প্রকল্পের হবিগঞ্জ সদর উপজেলার গৃহ নির্মাণ স্থানে প্রোকেটকশন কাজের জন্য ৯,০৫,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। কাজটি স্বল্পতম সময়ে দ্রুততার সহিত সম্পাদনের লক্ষ্যে RFQ পদ্ধতিতে সম্পাদন	আশ্রয়ন প্রকল্পের প্রোটেকশন কাজটি অতি গুরুত্বপূর্ণ বিধায় RFQ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার হবিগঞ্জ সদর

		করার প্রস্তাব করেন।		
০৭	বিবিধ	(ক) উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন সদর উপজেলার গোপায়া ইউনিয়নের বগুলা খাল মৌজার দীঘলবাগ এলাকায় ১৫৩টি এবং তেঘরিয়া ইউনিয়নের রামপুর মৌজার গোবিন্দপুর এলাকায়১২টিসহ মোট ১৬৫টি গৃহ "ক" শ্রেণীর ভূমিহীন/গৃহহীন পরিবারের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে। উপকারভোগীদের জীবন যাত্রার মানোন্নয়নের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ের কার্যক্রমে তাদের সহযোগিতা প্রদান করার জন্য তিনি সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান।	(ক) পুনর্বাসিত পরিবারগুলোর জীবন মান উন্নয়নে সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) বিভাগীয় প্রধান (সকল),হবিগঞ্জ সদর
		(খ) তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক হবিগঞ্জ সদর উপজেলা পরিষদ হতে ০২(দুই) জন গৃহহীনকে আশ্রয়ণ-২ প্রকল্পের প্রাক্কলন মোতাবেক গৃহ নির্মাণ করে দেয়ার জন্য বিগত ১৭.০৬.২০২১ খ্রি: তারিখের সভায় সিদ্ধান্ত নেয়া হয়। উক্ত প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন।	(খ) মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(খ) চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
		(গ) তিনি আরও বলেন, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ১৭.১১.২০২০ তারিখের ৪৬.০০. ০০০০. ০৪৬. ২৬. ৪৮৭. ২০১২(অংশ-১)-৯১৯ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত ১০জন আনসার সদস্যদের অস্ত্রাগার/গোলা বারুদ রাখার স্থান ও আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে উপজেলা পরিষদ চত্বরে সুবিধাজনক স্থানে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের নির্দেশ প্রদান করা হয়েছে। তদপ্রেক্ষিতে উপজেলা কমপ্লেক্সে আনসার শেড নির্মাণের জন্য স্থান নির্বাচন করা হয়েছে। জরুরীভিত্তিতে নির্মাণ কাজ শুরু করা প্রয়োজন।	(গ) সরকারী নির্দেশনা মোতাবেক আনসার শেড দ্রুত নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে সরকারী আর্থিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে নির্মাণের কার্যক্রম দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ জানানো হয়।	(গ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর
		(ঘ) সভায় আনসার শেড নির্মাণ কাজ সমাপ্ত না হওয়া পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যদের বসবাস করার সুবিধার্থে উপজেলা পরিষদের ৩ নং কোয়ার্টারটি মেরামত করার জন্য প্রস্তাব করা হয়।	(ঘ) রাজস্ব তহবিলের অর্থের দ্বারা পরিষদের ৩ নং কোয়ার্টারটিতে প্রয়োজনীয় মেরামত করার এবং উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার	(ঘ) উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর

		(ঙ) তিনি আরও বলেন, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ মোতাবেক ২০২০-২১ অর্থ বছরের ৩০শে জুন ২০২১ তারিখে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% বাবদ প্রাপ্ত চলতি হিসাব নং-৩৩০১৫৫৬৫ সোনালী ব্যাংক লি:,হবিগঞ্জ শাখার স্থিতি ৭৭,৪৪,৮২৩/- টাকা এবং পরিষদের বাসাভাড়া বাবদ প্রাপ্ত চলতি হিসাব নং-১৪৫০ অগ্রণী ব্যাংক লি:, গোপায়া শাখার স্থিতি ২,৬৯,০৫৩/- টাকা সর্বমোট ৮০,১৩, ৮৭৬/-টাকা (আশি লক্ষ তের হাজার আটশত ছিয়াত্তর) উপজেলা উন্নয়ন তহবিল চলতি হিসাব নং-১০৬৫, অগ্রণী ব্যাংক লি:, গোপায়া শাখায় স্থানান্তর করার প্রস্তাব করেন।	সদস্যরা বসবাস করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কোয়ার্টারটিতে কোন ধরণের মেরামত প্রয়োজন হলে প্রয়োজনীয় মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। (ঙ) প্রস্তাব মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের উদ্বৃত্ত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী,হবিগঞ্জ সদর
		(চ) জনাব মোতাচ্ছিরুল ইসলাম,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, সরকারী ছুটিজনিত কারণে এবং জরুরী কোন বিষয় না থাকায় জুলাই, ২০২১ মাসে মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি। বর্তমান মাসের সভায় সকলের অংশ গ্রহণ এবং গুরুত্বপূর্ণ বিভিন্ন আলোচনার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। এছাড়াও ৫ই আগষ্ট ক্যাপ্টেন শহীদ শেখ কামাল এঁর জন্মদিবস, ৮ই আগষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব এঁর জন্মদিবস ও ১৫ই আগষ্ট,২০২১ জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে ৩০,০০০/- টাকা; উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষের জন্য ১০টি চেয়ার ক্রয় বাবাদ ১,০০,০০০/- টাকা; উপজেলা পরিষদের আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্নকরণ ৮,০০০/- টাকা; উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত বিল ১৪,৫০০/- টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের এপ্রিল-জুলাই,২০২১ মাসের ভ্রমনভাতা বিল ৫৬,৮৭৫/- টাকা পরিশোধ করার পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন।		
		(ছ) সভায় উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট-বাজারের ১৪২৫, ১৪২৬, ১৪২৭ এবং ১৪২৮ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি বিল বাবদ ১,৭২,৯৪২/৭৫ টাকার বিল উপস্থাপন করা হয়।	(ছ) বিস্তারিত আলোচনান্তে হাট-বাজারের ১৪২৫, ১৪২৬, ১৪২৭ এবং ১৪২৮ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি বিল বাবদ ১,৭২,৯৪২/৭৫ টাকা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ছ) উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর

০৮। উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর এর অনুচ্ছেদ ০৭ এর প্রস্তাবানুযায়ী উপজেলা রাজস্ব তহবিল হতে নিম্নে বর্ণিত ব্যয় অনুমোদনের জন্য গৃহীত হয়।

ক্রমিক নং	প্রস্তাবিত ব্যয়ের বিবরণ ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	৫ই আগষ্ট ক্যাপ্টেন শহীদ শেখ কামাল এঁর জন্মদিবস, ৮ই আগষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিব এঁর জন্মদিবস ও ১৫ই আগষ্ট,২০২১ জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে ৩০,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০২	উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষের জন্য পিআইসি'র মাধ্যমে ১০টি চেয়ার ক্রয় বাবদ ১,০০,০০০/- টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। **প্রকল্প কমিটি** ১। জনাব মাহবুবুর রহমান হিরু,চেয়ারম্যান,১০ নং লস্করপুর ইউপি....সভাপতি ২। জনাব হাসিনুর রহমান,উপজেলা যুব উন্নয়ন অফিসার,হবিগঞ্জ সদর....সদস্য ৩। জনাব এমদাদুল হক, উপসহকারী প্রকৌশলী,হবিগঞ্জ সদর ....সদস্য	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০৩	উপজেলা পরিষদের আঙ্গিনা পরিস্কার-পরিচ্ছন্নকরণ ৮,০০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০৪	উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরামত বিল ১৪,৫০০/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর
০৫	উপজেলা পরিষদের চেয়ারম্যানের এপ্রিল-জুলাই,২০২১ মাসের ভ্রমনভাতা বিল ৫৬,৮৭৫/- টাকা ব্যয় ভাউচার সভায় অনুমোদিত হয়।	চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার,হবিগঞ্জ সদর

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোতাচ্ছিরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হবিগঞ্জ সদর
তারিখ: ২৪ আগষ্ট ২০২১

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১২.২০২১- ৪৬০/১(২৫)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৮। চেয়ারম্যান ....ইউপি(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
৯। ....সদস্য(সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

24.08.2021
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর